**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী ।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 19 JANUARY 2026 ,MONDAY | ১৯ জানুয়ারি ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-51

## তৃণমূল সরকারের ১৫ বছরের শাসনকে 'মহা-জঙ্গলরাজ' আখ্যা দিলেন নরেন্দ্র মোদী



এই যুগ ,হুগলি ,১৮ জানুয়ারি : রবিবার সিঙ্গুরের জনসভা থেকে রাজ্যের তৃণমূল সরকারের বিরুদ্ধে একের পর এক অভিযোগ তুলে কটাক্ষ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । এক সময় বিহারের জঙ্গল রাজ এর কথা মনে করিয়ে তৃণমূল সরকারের ১৫ বছরের শাসনকে 'মহা-জঙ্গলরাজ' আখ্যা দিলেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । শনিবারের মালদার জনসভার মতোই এদিনও অনুপ্রবেশ ইস্যুতে রাজ্যের শাসকদলের বিরুদ্ধে তোপ দাগলেন । এদিন নরেন্দ্র মোদী বললেন , দেশের সুরক্ষা নিয়ে খেলা করছে তৃণমূল। এদিন সিঙ্গুরের মাটিতে শিল্পের বিনিয়োগ এর বিষয়ে সঠিক আইনশৃঙ্খলা জরুরি বলেও ইঙ্গিতপূর্ণ মন্তব্য করেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবারের জনসভা থেকে প্রথমেই বিহারের প্রসঙ্গ তুলে মোদী বললেন, NDA বিহারের জঙ্গলরাজকে আটকে দিয়েছে । এবার পশ্চিমবঙ্গে তৃণমূলের মহা-জঙ্গলরাজকে আটকাতে হবে। এদিন মোদী জনসভা থেকে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প গুলোকে বাংলায় ঢুকতে না দেওয়ারও অভিযোগ করেছে রাজ্যের শাসকদলের বিরুদ্ধে। তিনি এদিনের জনসভার আগেই হুগলি জেলায় ৮৩০ কোটির প্রকল্প উদ্বোধন করেন । হুগলির বলাগড়ের এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেমের শিলান্যাস সহ জয়রামবাটি-মায়াপুর রেল লাইনেল উদ্ধোধন করেন । একই সঙ্গে তিনি ৩টি অমৃত ভারত এক্সপ্রেস এর সাথে একটি লোকাল ট্রেনের ও উদ্ধোধন করেন। উদ্ধোধন করেন ইলেকট্রিক ক্যাটামেরান পরিষেবার ও ।

## চিতাবাঘের আতঙ্ক চা বাগানে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৮ জানুয়ারি : জলপাইগুড়ি জেলার ভান্ডিংগুড়ি চা বাগানে রবিবার সকাল থেকে চিতাবাঘের আতঙ্ক ছড়িয়েছে, চা বাগান কর্তৃপক্ষ নিরাপত্তার খাতিরে চা বাগানের কাজ বন্ধ রেখেছে। জানা গেছে চা বাগানের শ্রমিকরা রবিবার সকালে দেখতে পান চিতাবাঘের দুটি শাবক চা বাগানের নালায় ঘুরে বেড়াচ্ছে। শাবক দুটিকে দেখে তারা বুঝে যান মা চিতাবাঘটি আশেপাশেই আছে তারা বাগানের ম্যানেজারকে খবর দেন। ম্যানেজার বন দপ্তরের বৈকুন্ঠপুর বিভাগের বেলাকোবা রেঞ্জে খবর দেন ও বাগানের কাজ বন্ধ করে দেন। খবর পেয়ে বেলাকোবা রেঞ্জের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান ও জায়গাটিতে ভীড় করে থাকা লোকজনকে সরিয়ে দেন। বন কর্মীরা জানান মা চিতাবাঘটি রাতের অন্ধকারে যাতে শাবক দুটিকে নিরাপদে অন্যত্র সরিয়ে নিয়ে যায় সেজন্য একটি ট্রানজিট রুট তৈরি করে পরিস্থিতির উপর নজর রাখার পাশাপাশি বাসিন্দাদের ঘরের বাইরে বেরোতে নিষেধ করে সতর্ক থাকতে বলা হয়েছে।

## কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গন পরিদর্শন করলেন মেয়র গৌতম দেব



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৮ জানুয়ারি : শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব রবিবার শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে চলমান কাজ পরিদর্শন করলেন। তিনি জানান রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর উদ্যোগে কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনকে আন্তর্জাতিক মানের গড়ে তোলার লক্ষ্যে কাজ শুরু হয়েছে। এদিন সেই কাজ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি সন্তোষ প্রকাশ করে জানান কাজ দ্রুতগতিতে চলছে। খুব শীঘ্রই কাজ শেষ হবে বলে তিনি আশবাদী। তার সাথে ছিলেন পূর্ত দপ্তরের বাস্তুকারগন সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগন।

## চা বাগানের মালিক কে গ্রেফতারের দাবি ঋতব্রতর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : কোনো চা বাগান মালিক যদি কাজ করিয়ে চা শ্রমিকদের পারিশ্রমিক না দেয় তাহলে সেই চা মালিককে গ্রেফতার করার দাবি জানাচ্ছি রাজ্য সরকারের কাছে। এদিন কালচিনি জনসভা মঞ্চ থেকে এই কথা জানান আইএনটিটিইউসি রাজ্য সভাপতি ঋতব্রত বন্দোপাধ্যায়। এদিন কালচিনি থানা ময়দানে তৃণমূলের জনসভায় উপস্থিত ছিলেন আইএনটিটিইউসি রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, রাজ্যসভা সাংসদ প্রকাশ চিক বড়াইক সহ একাধিক তৃণমূল নেতৃত্বরা।এদিন নিজের বক্তব্যে একাধিক ইস্যু নিয়ে কেন্দ্র সরকার বিরুদ্ধে তোপ দাগেন ঋতব্রত। তিনি জানান বাগান বন্ধ হলে রাজ্য সরকার ফাউলাই দেয় কিন্ত কেন্দ্র দেয়না। চা বাগানে ক্রেস হাউস করছে রাজ্য কিন্ত কেন্দ্র কিছু করছেনা।

# দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে প্রাণে বাঁচলেন বাইক আরোহী




সুস্মিতা রায়, এই যুগ, ময়নাগুড়ি, ১৮ জানুয়ারি : পানবাড়ি থেকে মৌলানি গামী রাস্তায় চার চাকার বোলোরো গাড়ি ও বাইকের মুখোমুখি সংঘর্ষ। অল্পের জন্য প্রাণে বেঁচে গেলেন বাইক চালকপানবাড়ি টু মৌলানিগামী রাস্তায় ঘটে গেল এক ভয়াবহ দুর্ঘটনা । রবিবার বিকাল প্রায় ৪ টা নাগাদ একটি বোলেরো গাড়ি ও একটি মোটরবাইকের মুখোমুখি সংঘর্ষে অল্পের জন্য প্রাণে বেঁচে যান বাইক চালক।প্রত্যক্ষদর্শীরা জানান মুখোমুখি সংঘর্ষের ফলে বাইক আরোহী বাইক থেকে ছিটকে পড়ে যান এবং বোলোরো গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে নয়নজুলিতে পড়ে যায়।বোলেরো গাড়ির সঙ্গে সরাসরি ধাক্কা লাগায় পরিস্থিতি ভয়াবহ আকার নেয়। তবে সৌভাগ্যবশত অল্পের জন্য প্রাণে বেঁচে যান বাইক চালক। স্থানীয় মানুষজন দ্রুত ছুটে এসে আহত বাইক চালক কে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করেন।ঘটনার খবর পেয়ে এলাকাবাসীরা ঘটনাস্থলে ভীড় জমান এবং কিছু সময়ের জন্য ওই রাস্তায় যান চলাচল ব্যাহত হয়।

# বক্সা টাইগার রিজার্ভে শুরু সর্বভারতীয় ব্যাঘ্র গণনা ২০২৫–২৬



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : সারা দেশের সমস্ত ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হওয়া সর্বভারতীয় ব্যাঘ্র গণনা ২০২৫–২৬ কর্মসূচির অঙ্গ হিসেবে আজ থেকে বক্সা টাইগার রিজার্ভে শুরু হল ছয় দিনব্যাপী তৃণভোজী প্রাণী গণনা ও মাংসাশী প্রাণীর চিহ্ন সমীক্ষা। উল্লেখ্য, প্রতি চার বছর অন্তর এই ব্যাঘ্র গণনা করা হয়; এর আগে শেষবার এই সমীক্ষা হয়েছিল ২০২১–২২ সালে।বক্সা টাইগার রিজার্ভের বিস্তীর্ণ অরণ্যাঞ্চল জুড়ে মোট ৮০টি নির্দিষ্ট স্থান চিহ্নিত করা হয়েছে, যেখানে ট্রানসেক্ট লাইনে হাঁটার মাধ্যমে বন্যপ্রাণীর উপস্থিতি, তাদের পায়ের ছাপ (পাগমার্ক), মল বা পেলেট ইত্যাদি সংগ্রহ ও নথিভুক্ত করা হচ্ছে। এই সমীক্ষায় ২০০-রও বেশি বনকর্মী অংশগ্রহণ করছেন।সমস্ত তথ্য ন্যাশনাল টাইগার কনজারভেশন অথরিটি -র নির্ধারিত প্রোটোকল অনুযায়ী সংগ্রহ করা হচ্ছে এবং তথ্য সংরক্ষণের জন্য ব্যবহার করা হচ্ছে বিশেষ মোবাইল-ভিত্তিক অ্যাপ “M-Stripes Ecology”।এছাড়াও বক্সা টাইগার রিজার্ভের অরণ্যে ইতিমধ্যেই স্থাপিত ২৫০টিরও বেশি ক্যামেরা ট্র্যাপ এই ব্যাঘ্র গণনার গুরুত্বপূর্ণ অংশ। আজকের সমীক্ষায় বিভিন্ন বন্যপ্রাণীর চিহ্নের পাশাপাশি বক্সার অরণ্যে বিচরণকারী একটি বাঘের পায়ের ছাপও নথিভুক্ত হয়েছে, যা রিজার্ভে বাঘের উপস্থিতির আরও একটি গুরুত্বপূর্ণ প্রমাণ বলে জানিয়েছেন বন দপ্তরের আধিকারিকরা।

# হাতির তান্ডব অব্যাহত মহাকালগুড়িতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : শনিবার গভীর রাতে একদল হাতি এসে তান্ডব চালায় মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েতের বাকলা স্কুলডাঙ্গা,চেপানী,চড়াই মহল সহ দক্ষিণ মহাকালগুড়ি এলাকায় । রীতিমত অসহায় হয়ে পড়েছে কৃষি নির্ভর ওই গ্রামের বাসিন্দারা। এমনটাই জানা গেছে তাদের সঙ্গে কথা বলে। ওই এলাকার বাসিন্দারা জানান, বুনো হাতির হানা এই এলাকার অন্যতম বড় সমস্যা। আলু চাষ শুরু হতেই বুনো হাতির হানা বাড়তে শুরু করেছে এই এলাকায়। বন কর্মীরা নিয়মিত রাত টহল দিয়ে বুনো হাতিদের জঙ্গলমুখো করার চেষ্টা চালাচ্ছে। কিন্তু গতকাল প্রচন্ড কুয়াশা থাকায় সার্চ লাইট জ্বালিয়েও হাতির উপস্থিতি বোঝা যাচ্ছিল না। এই সুযোগেই আলু চাষে ব্যাপক ক্ষতি করল বুনো হাতির দল। পায়ে মাড়িয়ে লঙ্কা খেত নষ্ট করল প্রায় এক বিঘা। জানা গিয়েছে এদিন পুলক বিশ্বাসের এক বিঘা জমির আলু পুরোপুরি খেয়ে হাফিস করেছে। তিনি মাত্র দুই বিঘা আলুই চাষ করেছিলেন। ধারে সার এবং বীজ এনেছিলেন। পুরো টাকাটাই জলে চলে গেল। এছাড়া সঞ্জিত রায়ের প্রায় আধা বিঘা আলু নষ্ট করেছে। এছাড়া এলাকার আরও কয়েকজন চাষীর আলুর ক্ষেতে দাপিয়ে বেড়ায় বুনো হাতিরা।এতে ব্যাপক ক্ষতির মুখে পড়েছেন ওই চাষিরা।

# মোরগ লড়াইয়ের স্থান ট্রাক্টর দিয়ে চাষ করলেন পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : জুয়ার ধরন বদলে গেছে। পাশাপাশি পুলিশ জুয়ার আসর ঠেকাতে রীতিমতো উঠে পড়ে লেগেছে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিভিন্ন এলাকায়। এমনটাই জানা গেছে রবিবার বিকেল চারটা নাগাদ। ট্রাক্টর দিয়ে খালি জমিতে চাষ করাচ্ছে পুলিশ আর এই দৃশ্য দেখার জন্যই সাধারণ মানুষের ভিড় বাড়ছে। বাঁশ দিয়ে লাগানো বেরিগেট লোহার তারের বেড়া খুলে দিচ্ছে সোনাপুর ফাঁড়ির পুলিশ সোনাপুর ফাঁড়ির ওসি বিশ্বজিৎ দের নেতৃত্বে। শীতকাল পড়তেই মোরগ এর লড়াই এর পাশাপাশি জুয়ার আসর বসে মথুরা হাটে। পুলিশের কাছে এমন খবর আসার পরেই অভিযান চালিয়ে বাঁশের বেরিকেড ভেঙ্গে জমি চাষ করে দেয় ট্রাক্টর দিয়ে। সোনাপুর ফাঁড়ির ওসি বিশ্বজিৎ দে জানিয়েছেন অভিযান লাগাতার ভাবে চলতে থাকবে জুয়া মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে।

# নিউ ল্যান্ডস চা বাগানে চা বন্ধু সাথী অ্যাম্বুলেন্সের উদ্বোধন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : গত জানুয়ারি মাসের ৩ তারিখ আলিপুরদুয়ারে অভিষেক ব্যানার্জি প্রতিশ্রুতি দিয়েছিলেন চা বাগানের শ্রমিকদের কল্যাণ এবং স্বাস্থ্যসেবার প্রতি তৃণমূল নেতৃত্ব সব সময় সজাগ দৃষ্টি রাখছে। অভিষেক ব্যানার্জীর প্রতিশ্রুতি মতো রবিবার নিউল্যান্ডস চা বাগানে চা বন্ধু সাথী অ্যাম্বুলেন্সের উদ্বোধন করলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক। এদিন কুমারগ্রাম ব্লকের বিভিন্ন স্তরের তৃণমূলের নেতৃত্বের উপস্থিতিতে চা বন্ধু সাথী অ্যাম্বুলেন্সের উদ্বোধন করা হয়। রীতিমতো মহিলাদের উলুধ্বনি থেকে শুরু করে ফিটা কেটে অ্যাম্বুলেন্সের শুভ উদ্বোধন করেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক। প্রতিশ্রুতির ১৫ দিনের মধ্যেই চা বাগানের চিকিৎসা পরিষেবা উন্নত করে দিলেন অ্যাম্বুলেন্স প্রদান করে।

# নিম্নমানের কাজের অভিযোগে পথশ্রী প্রকল্পের রাস্তার কাজ বন্ধ করে দিলেন গ্রামবাসীরা





সুস্মিতা রায়, এই যুগ, ময়নাগুড়ি, ১৮ জানুয়ারি : নিম্নমানের রাস্তা নির্মাণের অভিযোগ তুলে পথশ্রী প্রকল্পের অধীনে চলা রাস্তার কাজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিলেন স্থানীয় গ্রামবাসীরা। ঘটনাটি ঘটেছে ময়নাগুড়ি ব্লকের সাপটিবাড়ি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত আবাসস্থলী যুগিরডাঙ্গা এলাকায়।স্থানীয়দের অভিযোগ, প্রায় এক বছর আগে সাউলি ব্রিজ থেকে আর আই অফিস পর্যন্ত সাড়ে চার কিলোমিটার দীর্ঘ পাকা রাস্তা নির্মাণের কাজ শুরু হয় পথশ্রী প্রকল্পে। এই রাস্তা নির্মাণে খরচ ধরা হয়েছে ২ কোটি ১৪ লক্ষ ১১ হাজার ৩৩৫ টাকা। কিন্তু কাজ শুরুর পর থেকেই রাস্তার পিচ ঢালাই অত্যন্ত নিম্নমানের হচ্ছে বলে অভিযোগ ওঠে। গ্রামবাসীদের দাবি, পিচ ঢালাইয়ের কাজ ঠিকমতো করা হচ্ছে না। রাস্তায় পর্যাপ্ত পরিমাণে রোলার চালানো হচ্ছে না, দেওয়া হচ্ছে না জল। ফলে পিচ ঢালাইয়ের দু'দিন যেতে না যেতেই পিচ উঠে যাচ্ছে এবং রাস্তা ভেঙে পড়ছে। তাদের আশঙ্কা, এইভাবে কাজ চললে খুব অল্প দিনের মধ্যেই পুরো রাস্তার অবস্থা আরও খারাপ হয়ে যাবে।এলাকাবাসীরা জানান, এই রাস্তা দিয়ে প্রতিদিন বহু মানুষ যাতায়াত করেন। স্কুল-কলেজের ছাত্রছাত্রীদেরও এই রাস্তার উপর নির্ভর করতে হয়। তাই তারা কোনওভাবেই নিম্নমানের রাস্তা মেনে নেবেন না। গ্রামবাসীদের স্পষ্ট বক্তব্য, কাজ ভালোভাবে না হলে রাস্তার কাজ বন্ধই থাকবে।এই বিষয়ে স্থানীয় পঞ্চায়েত সদস্য অঙ্কিতা দেবনাথের স্বামী শিপুল দেবনাথের কাছে জানতে চাওয়া হলে তিনি কোনও প্রতিক্রিয়া দিতে অস্বীকার করেন।এই বিষয়ে ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি কুমুদ রঞ্জন রায় জানায় বিষয়টি আপনাদের মাধ্যমে শুনলাম নিম্ন মানের কাজ হওয়া কাম্য নয়, এই খোঁজ নিয়ে দেখব যদি নিম্নমানের কাজ হয়ে থাকে তাহলে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে কথা বলে বিষয়টি দেখা হবে। তবে স্থানীয় ঠিকাদারের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি ।

# জাতীয় সড়কে উল্টে গেল পণ্যবাহী গাড়ি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : চেপানী হল্ট এলাকায় জাতীয় সড়কের উপরেই উল্টে গেল পন্য বোঝাই ট্রাক । ঘটনায় আহত হয়েছেন ট্রাকের চালক। জাতীয় সড়কের উপরে পণ্যবাহী ট্রাক উল্টে যাওয়ায় জাতীয় সড়কের এক পাশ দিয়ে যান চলাচল বন্ধ ছিল অনেকক্ষণ। রবিবার বিকেল তিনটে নাগাদ শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের কাছ থেকে জানা গেছে রবিবার সকালে এই দুর্ঘটনাটি ঘটেছে। চালক সামান্য আহত হয়েছেন। তাকে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়েছে। পরবর্তীতে পন্যবাহী গাড়িটিকে তুলে পুলিশ ফাঁড়িতে নিয়ে আসা হয়েছে।

# কিশোরী নিখোঁজ , চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা এলাকায়




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : কিশোরী নিখোঁজের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানা এলাকায়। ১৫ বছরের এক কিশোরী নিখোঁজকে কেন্দ্র করে চাঞ্চল্য ছাড়ালো শামুকতলা থানা এলাকার একটি গ্রামে। বান্ধবীর বাড়িতে যাওয়ার নাম করে বাড়ি থেকে বেরোনোর পর সে নিখোঁজ হয়ে যায়। তিন দিন ধরে খুঁজে তাকে না পেয়ে পুলিশের কাছে নিখোঁজের অভিযোগ দায়ের করেন তার পরিবারের লোকেরা। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানান ওই কিশোরী মেয়ের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। অভিযোগের পরিপ্রেক্ষিতে একটি মামলা করা হয়েছে পুলিশের পক্ষ থেকে।

# হাতির হানায় মৃত্যু যুবকের , শোকের ছায়া এলাকায়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৮ জানুয়ারি : বুনো হাতির হানায় মৃত্যু হয় এক যুবকের। বুনো হাতি ও মানুষের সংঘাত কমছেনা কিছুতেই। ডুয়ার্স এর বনাঞ্চল লাগোয়া এলাকায় বেড়েই চলেছে এই মৃত্যু মিছিল। ডুয়ার্সের মেটেলি ব্লকের মুর্তিতে শনিবার দুপুরে এক যুবক বুনো হাতির হানায় গুরুতর জখম হন। রবিবার মৃত্যু হয় ঐ যুবকের। জানা গেছে মুর্তি বন বস্তির বাসিন্দা ঐ যুবকের নাম কিষান রাম (১৯)। সে শনিবার দুপুরে বাড়ি থেকে বেরিয়ে মুর্তি নদীতে স্নান করতে যায়। স্নান সেরে ফিরে আসার সময় আচমকাই একটি বুনো দাতাল বন থেকে বেরিয়ে আসে ও তার ওপর হামলা চালায়। হামলায় যুবকের মৃত্যু হয়েছে ভেবে বুনো হাতিটি জঙ্গলে ঢুকে যায়। স্থানীয়রা গুরুতর জখম কিষানকে উদ্ধার করে মঙ্গলবাড়ি গ্রামীন হাসপাতালে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তাকে মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তার অবস্থার অবনতি হলে তাকে সেখান থেকে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে স্থানান্তরিত করা হয় ও সেখানেই রবিবার তার মৃত্যুঘটে। খবর পেয়ে বন দপ্তরের কর্মীরা যুবকের বাড়ি যান। কিষানের মৃত্যুর ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। বন দপ্তর সুত্রে জানা গেছে মৃত যুবকের পরিবারকে আর্থিক সহায়তা বন দপ্তর থেকে প্রদান করা হবে। স্থানীয়দের অভিযোগ বুনোদের হানাদারি প্রতিরোধে বন দপ্তরের নজরদারির অভাবেই এধরনের ঘটনা ঘটছে। বুনো হাতির হানা প্রতিরোধে বন কর্মীদের নজরদারি বৃদ্ধির দাবি জানান তারা।

# দেশী পিস্তল ও গুলি সহ গ্রেপ্তার নাবালক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৮ জানুয়ারি : দার্জিলিং জেলার খড়িবাড়ি থানার গুরুদয়াল জোত গ্রামে রবিবার দেশী পিস্তল ও গুলি সহ গ্রেপ্তার করলো খড়িবাড়ি থানার পুলিশ। জানা গেছে ধৃত নাবালকের বাড়িতে বিহারের কাটিহার থেকে সুশান্ত পাশোয়ান নামে এক আত্মীয় বেড়াতে আসে। সে একটি দেশী পিস্তল ও গুলি নিয়ে আসে ও এগুলি নিয়ে সে এই এলাকায় ঘুরে বেড়াচ্ছিলো। এদিন সে পিস্তল ও গুলি তার নাবালক আত্মীয়ের হাতে দিয়ে পালিয়ে যায় পুলিশ এই খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে নাবালককে গ্রেপ্তার করে ও নাবালকের হেফাজত থেকে পিস্তল ও গুলি উদ্ধার করে বাজেয়াপ্ত করে। পুলিশ জানিয়েছে ধৃতকে দার্জিলিং জুভেনাইল আদালতে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে।

# রাস্তার কাজের শুভ সূচনা করলেন পঞ্চায়েত সমিতির সভাপতি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৮ জানুয়ারি : রবিবার কুমারগ্রাম ব্লকের তুরতুরিখণ্ড গ্রাম পঞ্চায়েতে পথশ্রী-রাস্তাশ্রী ৪ প্রকল্পে একটি রাস্তার নির্মাণকাজ শুরু হল। ফিতে কেটে রাস্তার নির্মাণকাজের সূচনা করেন কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সভাপতি জুলি লামা। তিনি ছাড়াও উপস্থিত ছিলেন তুরতুরিখণ্ড গ্রাম পঞ্চায়েতের প্রধান অঞ্জুলা লাকরা, উপপ্রধান বিজয় গোমদেন, তৃণমূলের অঞ্চল সভাপতি জিব্রেল কুজুর সহ অন্যরা। জানা গিয়েছে, ভোলা সাহার বাড়ি থেকে সিতু ওরাওঁয়ের বাড়ি পর্যন্ত ১.৫১ কিমি সিসি রোড তৈরি করবে রাজ্য সরকারের ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো ইন্ডাস্ট্রি কর্পোরেশন লিমিটেড। রাস্তাটি তৈরির জন্য ১ কোটি ২ লাখ ১৯ হাজার ১৮৬ টাকা বরাদ্দ হয়েছে। ওই রাস্তার নির্মাণকাজের সূচনা হওয়ায় স্থানীয়রা খুশি।

# অবৈধ গাঁজা চাষের বিরুদ্ধে কামাখ্যাগুড়ি পুলিশের অভিযান



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ জানুয়ারি : কুমারগ্রাম ব্লকের খোয়ারডাঙা-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের গচিমারি এলাকায় গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান চালায় কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ। এমনটাই জানিয়েছেন কামাখ্যাগুড়ি ফাঁড়ির ওসি সুবিমল বর্মন। গোপন সূত্রের খবরের ভিত্তিতে এদিন আচমকাই ওই এলাকায় অভিযানে নামে পুলিশ। পুলিশ ওই এলাকায় থাকা গাঁজা গাছ গুলি কেটে পুড়িয়ে দেয়। এদিনের অভিযানে উপস্থিত ছিলেন কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়ির ওসি সুবিমল বর্মন সহ অন্য পুলিশকর্মীরা। কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়ির ওসি সুবিমল বর্মন বলেন, 'গোপন সূত্রের খবরের ভিত্তিতে অবৈধ গাঁজা চাষের বিরুদ্ধে অভিযান চালানো হয়। বহু গাঁজা গাছ পুড়িয়ে নষ্ট করে দেওয়া হয়েছে।'

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |